



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ

ফোন: ০২২৩৩৮৬৯১১

পিএবিএক্স: ০২২৩৩৮০০২১-২৫/২২৩২

ইমেইল: dgmpd2@krishibank.org.bd

ওয়েব: www.krishibank.org.bd

প্রশাসন পরিপত্র নং- ০৪/২০২৪

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: বাংলাদেশ কৃষি ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের ২০২১-২০২২ অর্থবছরের জন্য এক্সগ্রেসিয়া (Ex-gratia) প্রদান প্রসঙ্গে।


শিরোনামে বর্ণিত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বিশেষায়িত ব্যাংক-১ শাখার স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.৩২১.১৮.০০২.১৬.৩৫ তারিখ: ১৩ মে ২০২৪ খ্রি. সংশ্লিষ্ট সকলের অবগতি এবং যথাযথভাবে পরিপালনের জন্য সংযুক্ত করে প্রেরণ করা হল।

০২। উপর্যুক্ত পত্রের মাধ্যমে ব্যাংকের সকল স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীগণকে ৩০ জুন, ২০২২ তারিখে আহরিত বা প্রাপ্য মূলবেতনের ভিত্তিতে এক মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ এক্সগ্রেসিয়া (Ex-gratia) হিসেবে প্রদানে সরকারী অনুমোদন জ্ঞাপন করা হয়েছে। উক্ত অনুমোদনের আলোকে সংশ্লিষ্ট সকলকে এক্সগ্রেসিয়া প্রদান করা যাবে।

০৩। উক্ত এক্সগ্রেসিয়ার অর্থ প্রদানের বিষয়ে প্রশাসন পরিপত্র নং ১৭/৯৬ ও ১৩/২০২৩ এর শর্তাবলি প্রযোজ্য হবে। এ ছাড়া অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত গুদাম কর্মচারীগণকে প্রশাসন পরিপত্র নং ১৭/৯৭ এর নির্দেশনা পরিপালন সাপেক্ষে উক্ত অর্থ প্রদান করা যাবে।

অনুমোদনক্রমে-

সংযুক্তি: ০২ (দুই) পৃষ্ঠা।



(মোঃ খোরশেদ আনোয়ার)
উপমহাব্যবস্থাপক

প্রকা/এইচআরএমডি/সেকশন-২/১৬(১)(৮)/২০২৩-২০২৪/৩৪১৫(১২৫০)

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক/অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
৪. সকল উপমহাব্যবস্থাপক/বোর্ড-সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (প্রশাসন পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশের জন্য উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হল)।
৫. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬. সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
৭. সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮. সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯. নথি/মহানথি।


১৩.০৫.২০২৪
(শিবলী সাদিক)
সহকারী মহাব্যবস্থাপক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বিশেষায়িত ব্যাংক-১ শাখা
www.fid.gov.bd

৩০ বৈশাখ ১৪৩১

নম্বর: ৫৩.০০.০০০০.৩২১.১৮.০০২.১৬.৩৫

তারিখ:-----

১৩ মে ২০২৪

বিষয়: বাংলাদেশ কৃষি ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের ২০২১-২০২২ অর্থবছরের জন্য এক্সগ্রেসিয়া প্রদান।

সূত্র: বিকেবি'র স্মারক নম্বর-প্রকা/হিসাব-১/বিএস ১৪ (৪)/২০২২-২৩/৭৩৩(১), তারিখ: ০৯.০৪.২০২৩

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি) কর্মকর্তা/কর্মচারীদেরকে ২০২১-২০২২ অর্থবছরের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এক্সগ্রেসিয়া (Ex-gratia) হিসেবে প্রদানে সরকারী অনুমোদন জ্ঞাপন করা হলো:

- (ক) এ বাবদ যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট ব্যাংকের ২০২১-২০২২ অর্থবছরের নিজস্ব বাজেট বরাদ্দ হতে নির্বাহ করতে হবে;
- (খ) অনুমোদিত এক্সগ্রেসিয়া শুধুমাত্র বাংলাদেশ কৃষি ব্যাংকের স্থায়ী ও ২০২১-২০২২ অর্থবছরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রযোজ্য হবে;
- (গ) বাংলাদেশ কৃষি ব্যাংকের যে সকল কর্মকর্তা/কর্মচারী ২০২১-২০২২ অর্থবছরে প্রেষণে সরকারি দপ্তরে/রাষ্ট্র মালিকানাধীন অপর ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে নিয়োজিত ছিলেন কিন্তু বিকেবি হতে বেতন-ভাতাদি প্রাপ্ত হতেন তাদের জন্যও বর্ণিত আর্থিক সুবিধা প্রযোজ্য হবে। তবে অন্য কোন প্রতিষ্ঠানের যে সকল কর্মকর্তা/কর্মচারী বর্ণিত অর্থবছরে প্রেষণে বিকেবি'তে কর্মরত ছিলেন কিন্তু তাদের নিজ নিজ মূল প্রতিষ্ঠান হতে বেতন-ভাতা প্রাপ্ত হতেন তাদের জন্য এ আদেশ কার্যকর হবে না;
- (ঘ) উল্লিখিত এক্সগ্রেসিয়া ৩০ জুন, ২০২২ তারিখে আহরিত বা প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে প্রদান করতে হবে;
- (ঙ) ব্যাংকের লোকসান হ্রাস করে মুনাফা অর্জনের সর্বাঙ্গিক পদক্ষেপ গ্রহণ করতে হবে।



১৬.০৫.২০২৪
মো: মামুনুর রশীদ

উপসচিব

ফোন: ০২২২৩৩৫২৪৫০

e-mail: ds.sb1@fid.gov.bd


ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

নম্বর: ৫৩.০০.০০০০.৩২১.১৮.০০২.১৬.৩৫

তারিখ: ১৩ মে ২০২৪

সদয় জ্ঞাতার্থে:

- (১) সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- (২) অতিরিক্ত সচিব (বিশেষায়িত ব্যাংক) এর ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


১৩.০৫.২০২৪
মো: মামুনুর রশীদ
উপসচিব